

শহীদ উদ্দীন আহমদ ঢাকা ভাসিটির ভারপ্রাপ্ত ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : প্রেসিডেন্ট আব্দুর রহমান বিশ্বাস ৭৩-এর অধ্যাদেশের ক্ষমতা বলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর পদে প্রফেসর শহীদ উদ্দীন আহমদকে শনিবার নিয়োগ দিয়েছেন। প্রফেসর শহীদ উদ্দীন আহমদ এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর হিসাবে দায়িত্ব পালন করেন।

এদিকে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের সকল হল থেকে বহিরাগতদের (৫-এর পৃঃ দ্রঃ)



প্রফেসর শহীদ উদ্দীন আহমদ

শহীদ উদ্দীন আহমদ

(প্রথম পৃষ্ঠার পর)

বিভাগের মাধ্যমে শিক্ষার সূত্র পরিবেশ ফিরিয়ে আনার দাবী করেছেন।

অপরদিকে চার দফা দাবী বাস্তবায়নে ছাত্রদল আহুত অনির্দিষ্টকালের ধর্মঘটের ৪র্থ দিনে গতকালও কোন ক্লাস হয়নি। কোন ছাত্রছাত্রী আসেনি। প্রশাসনিক ভবনও খোলেনি।

গতকাল বিকাল ৫টায় বিদায়ী ভিসি প্রফেসর এমাজ উদ্দীন আহমদ অস্থায়ী ভিসির নিকট তার দায়িত্ব হস্তান্তর করেন। আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত

তিনি এই পদে থাকবেন।

ছাত্রদলের সমাবেশ

এদিকে ছাত্র ধর্মঘটের সমর্থনে দুপুর ১২টায় ছাত্রদল এক প্রতিবাদ সমাবেশ করে। সমাবেশে ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি নাসির উদ্দীন আহমদ পিটু ছাত্রসমাজের উপর হামলা ও নির্যাতন চালানো থেকে সরকারকে বিরত থাকার আহবান জানিয়েছেন।

অস্ত্র উদ্ধার

শনিবার পুলিশ মুহসীন হলের আবাসিক শিক্ষকদের বাস ভবনের পাশ থেকে পরিভ্যক্ত অবস্থায় একটা এয়ারগান উদ্ধার করেছে।